# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/৯৯১২৩ তারিখ: ২৯/১০/২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদসংখ্যা | ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদসংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিচালক (অর্থ ও হিসাব)<br>গ্রেড-৩ (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ জন | ১০ | হিসাবরক্ষক<br>গ্রেড-১১তম, (১২৫০০-৩০২৩০/-) | ০৩ জন |
| ০২ | লাইব্রেরিয়ান<br>গ্রেড-৩ (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ জন | ১১ | ফটোগ্রাফার<br>গ্রেড-১১তম, (১২৫০০-৩০২৩০/-) | ০১ জন |
| ০৩ | পরীক্ষা নিয়ন্ত্রক<br>গ্রেড-৩ (৫৬,৫০০-৭৪,৪০০/-) | ০১ জন | ১২ | সহকারী মেকানিক<br>গ্রেড-১৩তম, (১১০০০-২৬৫৯০/-) | ০১ জন |
| ০৪ | সহকারী রেজিস্ট্রার<br>গ্রেড-৭, (২৯০০০-৬৩,৪১০/-) | ০৩ জন | ১৩ | অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর<br>(আইকিউএসি সেলের জন্য)<br>গ্রেড-১৬তম, (৯৩০০-২২৪৯০/-) | ০১ জন |
| ০৫ | সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা)<br>গ্রেড-৭, (২৯০০০-৬৩,৪১০/-) | ০১ জন | ১৪ | অফিস এসিসটেন্ট কাম ডাটা প্রসেসর<br>গ্রেড-১৬তম, (৯৩০০-২২৪৯০/-) | ০১ জন |
| ০৬ | ইনফরমেশন অফিসার<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ জন | ১৫ | কার্য সহকারী<br>গ্রেড-১৬তম, (৯৩০০-২২৪৯০/-) | ০১ জন |
| ০৭ | ডেভেলপম্যান্ট অফিসার/প্রকিউরম্যান্ট অফিসার<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ জন | ১৬ | কার্পেন্টার<br>গ্রেড-১৭তম, (৯০০০-২১৮০০/-) | ০১ জন |
| ০৮ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১তম, (১২৫০০-৩০২৩০/-) | ০৪ জন | ১৭ | অফিস সহায়ক<br>গ্রেড-১৯তম, (৮৫০০-২০৫৭০/-) | ০৭ জন |
| ০৯ | কেয়ারটেকার<br>গ্রেড-১১তম, (১২৫০০-৩০২৩০/-) | ০২ জন | | | |

উল্লেখ্য যে, ইতোপূর্বে স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১১৯৮৭; তারিখ: ২১/০৩/২০১৭খ্রি., কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১৬২৭৫; তারিখ: ০৩/০৭/২০১৯খ্রি. এবং স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১৭৭৭২; তারিখ: ৩১/০৮/২০২১খ্রি. এর আলোকে উপরোক্ত পদে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আগ্রহী প্রার্থীদেরকে উপরোল্লিখিত পদসমূহের বিপরীতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd) এ প্রকাশিত নির্ধারিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীর আলোকে আগামী ১৩/১১/২০২৩ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

২৯.১০.২০২৩

(মোঃ আমিরুল হক চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

# যোগ্যতা ও অভিজ্ঞতা

| নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পরিচালক (অর্থ ও হিসাব)-০১ জন<br>গ্রেড-৩<br>বেতনস্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/- | সর্বোচ্চ ৫৫ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের ১ম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালক/সমমান পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বাজেট ফিন্যানসিয়াল একাউন্টস এবং ব্যালেন্স সিট তৈরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। খ্যাতনামা পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মকর্তাগণ চুক্তিভিত্তিক চাকরি করতে আগ্রহী হলে দরখাস্ত করতে পারবেন। |
| ০২ | লাইব্রেরিয়ান-০১ জন<br>গ্রেড-৩<br>বেতনস্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/- | সর্বোচ্চ ৫৫ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরী সায়েন্স বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিভাগের ডেপুটি লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মকর্তাগণ চুক্তিভিত্তিক চাকরি করতে আগ্রহী হলে দরখাস্ত করতে পারবেন। |
| ০৩ | পরীক্ষা নিয়ন্ত্রক-০১ জন<br>গ্রেড-৩<br>বেতনস্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/- | সর্বোচ্চ ৫৫ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসেবে ১৫ (পনের) বছরের চাকরির অভিজ্ঞতাসহ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মকর্তাগণ চুক্তিভিত্তিক চাকরি করতে আগ্রহী হলে দরখাস্ত করতে পারবেন। |
| ০৪ | সহকারী রেজিস্ট্রার-০৩ জন<br>গ্রেড-৭<br>বেতনস্কেল:২৯০০০-৬৩,৪১০/- | সর্বোচ্চ ৪০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে সেকশন অফিসার (গ্রেড-৯) হিসেবে ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। |

| নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০৫ | সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা)-০১ জন<br>গ্রেড-৭<br>বেতনস্কেল:২৯০০০-৬৩,৪১০/- | সর্বোচ্চ ৪০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতক, স্নাতকোত্তরসহ শরীর চর্চা (বিপিএড) ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে ফিজিক্যাল ইন্সট্রাক্টর (গ্রেড-৯) হিসেবে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। খ্যাতনামা পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৬ | ইনফরমেশন অফিসার-০১ জন<br>গ্রেড-৯<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গণযোগাযোগ ও সাংবাদিকতা/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | ডেভেলপম্যান্ট অফিসার/<br>প্রকিউরম্যান্ট অফিসার-০১ জন<br>গ্রেড-৯<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সরকারি প্রকল্প বাস্তবায়ন ও প্রকিউরমেন্ট, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৮ | কম্পিউটার অপারেটর-০৪ জন<br>গ্রেড-১১তম<br>বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটার কোর্সে অন্তত ০১ (এক) বছরের ডিপ্লোমাধারী হতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে কমপক্ষে ৩০ ও ৪০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৯ | কেয়ারটেকার-০২ জন<br>গ্রেড-১১তম<br>বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। |
| ১০ | হিসাবরক্ষক-০৩ জন<br>গ্রেড-১১তম<br>বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। |
| ১১ | ফটোগ্রাফার-০১ জন<br>গ্রেড-১১তম<br>বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে ফটোগ্রাফিতে কমপক্ষে ০১ (এক) বছর মেয়াদি কোর্সসহ গ্রাফিক্স ডিজাইন ও ভিডিও এডিটিং সম্পর্কে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

| নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১২ | সহকারী মেকানিক-০১ জন<br>গ্রেড-১৩তম<br>(বেতনস্কেল: ১১০০০-২৬৫৯০/-) | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে অবশ্যই সরকারি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার থেকে অটোমোবাইলে ট্রেডকোর্সসহ শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৩ | অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর-০১ জন<br>(আইকিউএসি সেলের জন্য)<br>গ্রেড-১৬তম<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ সহ শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিং-এ যথাক্রমে প্রতি মিনিটে কমপক্ষে ৩০ ও ৪০ শব্দের গতি থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৪ | অফিস এসিসটেন্ট কাম ডাটা প্রসেসর-০১ জন<br>গ্রেড-১৬তম<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ সহ শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিং-এ যথাক্রমে প্রতি মিনিটে কমপক্ষে ৩০ ও ৪০ শব্দের গতি থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৫ | কার্য সহকারী-০১ জন<br>গ্রেড-১৬তম<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ সহ শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৬ | কার্পেন্টার-০১ জন<br>গ্রেড-১৭তম<br>বেতনস্কেল: ৯০০০-২১৮০০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কারিগরি শিক্ষাবোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স পাস অথবা প্রার্থীকে কমপক্ষে এসএসসি/সমমানসহ ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ১৭ | অফিস সহায়ক-০৭ জন<br>গ্রেড-১৯তম<br>বেতনস্কেল: ৮৫০০-২০৫৭০/- | সর্বোচ্চ ৩০ বছর | প্রার্থীকে কমপক্ষে এসএসসি/সমমানসহ ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ থাকতে হবে। |

# প্রার্থীর জন্য শর্তাবলী এবং জ্ঞাতব্য বিষয়সমূহ

০১। আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা' বরাবর আগামী ১৩/১১/২০২৩ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা) সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.cou.ac.bd) থেকে অথবা ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন (সকাল-৯.০০ টা থেকে বিকাল-৪.০০টা) রেজিস্ট্রার দপ্তর থেকে সংগ্রহ করতে হবে।

০৩। (ক) প্রার্থীদেরকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ০১নং থেকে ০৩নং পদে ১০ (দশ) সেট এবং ০৪নং থেকে ১৭ নং পদে ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

(খ) সকল পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৪। জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা হতে ০১নং থেকে ০৩নং পদে ১০০০/- (এক হাজার), ০৪নং থেকে ০৭নং পদে ৮০০/- (আটশত), ০৮নং থেকে ১৫নং পদে ৫০০/- (পাঁচশত) এবং ১৬নং থেকে ১৭নং পদে ৩০০/- (তিনশত) টাকার সংগৃহিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে হতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৫। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক কুমিল্লা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার বরাবর অগ্রায়িত হলে অথবা কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল সমেত Forwarded বা অগ্রায়িত শব্দটি লেখা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন বলে বিবেচিত হবে।

০৬। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ০২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। প্রত্যেক প্রার্থীকে প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।

০৯। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত ও সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিভাগীয় এবং সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত সুবিধা প্রদান করা হবে না।

২৩.১০.২০২৩

(মোঃ আমিরুল হক চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।